



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/৮২

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০  
০৮ মে ২০২৩

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/৩৬; তারিখ: ০৬/১২/২০২২ খ্রি.

২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৬৪৪৭.০০০.১১.০০৪.২৩-২৭২; তারিখ: ২৮/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের বিষয় উল্লেখপূর্বক সুপারিনটেনডেন্ট একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, প্রতিষ্ঠাতা সদস্য একজন, দাতা সদস্য একজন, অভিভাবক সদস্য তিনজন ও শিক্ষক প্রতিনিধি তিনজন ইস্তফাপত্র দাখিল করায় মাদ্রাসা পরিচালনায় অচলাবস্থার বিরাজ করছে। এমতাবস্থায় শিক্ষার সুষ্ঠু পরিবেশের স্বার্থে বিধি মোতাবেক কমিটি বাতিল পূর্বক এডহক কমিটি গঠনের জন্য তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে ম্যানেজিং কমিটি বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০৫.০৫.২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

১। সভাপতি (ম্যানেজিং কমিটি)

জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসা  
ডাকঘর: ভীমপুর, উপজেলা: মান্দা, জেলা:নওগাঁ;

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার


জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসা  
ডাকঘর: ভীমপুর, উপজেলা: মান্দা, জেলা:নওগাঁ;

নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/৮২

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০  
০৮ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

  
মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)